



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ শাখা



অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।
(জুলাই-সেপ্টেম্বর ২০২১ খ্রি; ত্রৈমাসিক)

সভাপতি : মুষ্টি আবদুল আহাদ, যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা)
ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
তারিখ ও সময় : ১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি, সকাল ১১.০০ টা
স্থান : যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) এর অফিস কক্ষ
(কক্ষ নং-১৬০১, ১৬ তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবুদ্দের তালিকা নিম্নে প্রদান করা হলো :

- (১) সৈয়দ মুহাম্মদ কাওছার হোসেন, উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা), অর্থ বিভাগ
- (২) জনাব এ, কে, এম, তাজকির-উজ-জামান, উপসচিব (প্রশাসন-১), অর্থ বিভাগ
- (৩) জনাব আবদুল করিম, প্রোগ্রামার, এফএসএমইউ, অর্থ বিভাগ

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০২১-২২ অর্থবছরের এটি ১ম ত্রৈমাসিক সভা। তিনি বলেন, অর্থ বিভাগে আগত অভিযোগসমূহ অতি গুরুতরের সাথে ও নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। অর্থ বিভাগে প্রাপ্ত প্রতিটি অভিযোগ যথাসময়ে সমাধানের ওপর গুরুত্বারোপ করেন। সরকারি সেবার মান বৃদ্ধি, অল্প সময়ে ও ভোগান্তি ছাড়া সেবা প্রদান করে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্য সাধন করতে হবে। অর্থ বিভাগের সুনাম যাতে অক্ষুন্ন থাকে সেজন্য কোন অবস্থাতেই অহেতুক সময় নষ্ট করে সেবাগ্রহীতাদের বিরাগভাজন হওয়া যাবেনা। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব এ, কে, এম, তাজকির-উজ-জামান এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি তুলে ধরতে গিয়ে বলেন অভিযোগ সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করে দেখা যায় হার্ডকপি ও সফটকপি'র (অনলাইন) মাধ্যমে অর্থ বিভাগে সেবাগ্রহীতা অভিযোগ দাখিল করে থাকেন। এসব অভিযোগসমূহে অর্থ বিভাগের সংশ্লিষ্টতা না থাকলে তা সংশ্লিষ্ট দপ্তর/কার্যালয়ে প্রেরণ করে সেবাগ্রহীতাকে অবহিত করা হয়। তাছাড়া অনলাইনের মাধ্যমে যেসব অভিযোগ আসে সেসব অভিযোগ অনলাইনের মাধ্যমেই নিষ্পত্তি করে তাদেরকে অবহিত করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে প্রতিমাসে নির্ধারিত ছকে অর্থ বিভাগ থেকে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণ করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২১) ৩১ আগস্ট ২০২১ পর্যন্ত মোট ৬টি (হার্ডকপি-০ ও অনলাইন-৬টি) অভিযোগ পাওয়া যায়, যার সবগুলোই নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়।

(অ: পঃ: দ্রঃ)

৩। উপস্থিত সকল কর্মকর্তা আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়

:

- (১) অর্থ বিভাগে সুনির্দিষ্ট কোন অভিযোগ পাওয়া গেলে তা যথাসময়ে নিষ্পত্তি করতে হবে।
- (২) অর্থ বিভাগে প্রাপ্ত অভিযোগ যদি অর্থ বিভাগ সংশ্লিষ্ট না হয় তবে তা অভিযোগকারীকে অবহিত করতে হবে।
- (৩) অনলাইনে প্রাপ্ত অভিযোগ অনলাইনের মাধ্যমেই নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুস্তী আবদুল আহাদ)
যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা)

ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.০৩.০০১.২১. ২৪।

তারিখ : ১৬/০৯/২০২১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমৰ্থ ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দ্রঃ আ: উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, পরিবহন পুল ভবন, ৮ম তলা)
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম) অর্থ বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমৰ্থ, অর্থ বিভাগ।
- ৪। উপসচিব, বাজেট ও পরিকল্পনা-১, অর্থ বিভাগ।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৬। সভায় উপস্থিত কর্মকর্তা....., অর্থ বিভাগ।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।
(কার্যবিবরণী সেবা গ্রহীতাদের অবগতির জন্য অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৮। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ৯। জনাব মো: মিলন হোসেন, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এফএসএমইউ, অর্থ বিভাগ।

(এ, কে, এম, তাজিকুর-উজ-জামান)

/উপসচিব

ফোন : ৯৫৭৬০৮২